গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
গাংনী, মেহেরপুর

স্মারক নং : উমাশিঅ/গাংনী/মেহের/২০২১/ ১১০১ তারিখ : ০৮/১১/২০২১

## সভার নোটিশ

উপজেলা পরিষদ, গাংনী এর নভেম্বর/২০২১ ইং মাসের মাধ্যমিক শিক্ষা ও মাদরাসা শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির সভা আগামী ০৯/১১/২০২১ তারিখ সকাল ১১.০০ টায় উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ে অনুষ্ঠিত হবে।জনাব রাশেদুল হক, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাংনী উক্ত সভায় সভাপতিত্ব করবেন।
নির্ধারিত তারিখ ও সময়ে আপনাকে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

অলোচ্য সূচি :-

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন
২. অসন্ন বিজয় দিবস উদযাপন বিষয়ে আলোচনাা।
৩. অসন্ন বার্ষিক পরীক্ষা সংক্রান্ত আলোচনা।
৪. বছরের ১ম দিনে বিনা মূল্যের পাঠ্যপুস্তক বিতরণ সংক্রান্ত আলোচনা।
৫. বিবিধ।

(মীর হাবিবুল বাসার)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ও
সদস্য সচিব
মাধ্যমিক শিক্ষা ও মাদরাসা শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি

মাধ্যমিক শিক্ষা ও মাদরাসা শিক্ষা সংক্রান্ত উপজেলা পরিষদের স্থায়ী কমিটির ২০২১-২০২২ অর্থ বছরের নভেম্বর/২০২১ মাসের কার্যবিবরণী

সভাপতি : জনাব মোহা: রাশেদুরহ ক, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাংনী
সভার স্থান : ভাইস চেয়ারম্যানের কার্যালয়
তারিখ ও সময় : ০৯/১১/২০২১ খ্রি: সকাল ১১.০০ ঘটিকা।

<u>সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর :(সংরক্ষিত)</u>

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সদস্য-সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং তা বাস্তবায়নের অগ্রগতি তুলে ধরতে গিয়ে জানান, কোভিড-১৯ পরবর্তী সময়ে শ্রেণিকক্ষে শিক্ষার্থী এখনও উদ্বেগজনক। বিস্তারিত আলোচনান্তে বিগত সভার অন্যান্য কার্যক্রমসহ গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়াতে সন্তোষ প্রকাশ করা হয় । সভাপতি সভায় উপস্থিত সদস্যদের স্ট্যান্ডিং কমিটি সম্পর্কে বরাবরের মতো ধারণা প্রদান করে সদস্য-সচিবকে এজেন্ডাভিত্তিক আলোচনার অনুরোধ করেন।

সদস্য-সচিব জানান-শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনায় সকল শিক্ষা প্রতিষ্ঠানে আসন্ন বিজয় দিবস যথাযোগ্য মর্যাদা ও মহাসমারোহে উদযাপনের কথা বলা হয়েছে। এ ব্যাপারে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য সভার পক্ষ থেকে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে দায়িত্ব দেওয়া হয়। শিক্ষা প্রতিষ্ঠানের কর্মসূচি যেন জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় করে করা হয় সে ব্যাপারে সভার পক্ষ থেকে সতর্ক রাখতে বলা হয়।

সদস্য-সচিব জানান- চলতি মাসের মাঝামাঝি সময়ে উপজেলার সকল প্রতিষ্ঠানে বার্ষিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষা চলাকালীন সময়ে প্রতিষ্ঠানের প্রকৃত নিয়মিত ছাত্র-ছাত্রীর সংখ্যা এবং ঝরে পড়া ছাত্র-ছাত্রীর সংখ্যা নির্ণয় করা সহজ হয়। তাই পরীক্ষা চলাকালীন সময়ে যাতে উপজেলা মাধ্যমিক অফিসের নিয়মিত পরিদর্শন আরো বেগবান হয় এ ব্যাপারে সভার পক্ষ থেকে ইউএসইও কে অনুরোধ করা হয় এবং আগামী সভায় তা রিপোর্ট আকাওে উপস্থাপনের অনুরোধ জানানো হয়।

অন্যান্য বছরের ন্যায় এবারও বছরের প্রথম দিনে অর্থাৎ ১ জানুয়ারীতে উপজেলার সকল মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের হাতে বিনা মূল্যের পাঠ্যপুস্তক সরকারের পক্ষ থেকে পৌছে দেওয়া হবে বলে সভায় সদস্য-সচিব জানান। তিনি আরও জানান, ইতিমধ্যে বেশ কয়েকটি শ্রেণির আংশিক পাঠ্যপুস্তক উপজেলায় এসে পৌছেছে। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয় এবং যথাযথ শিক্ষার্থী নিরূপন সাপেক্ষে বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ ধরণের মহৎ উদ্যোগের জন্য সভার পক্ষ থেকে সরকারকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

সভায় আর বিশেষ কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

( মো: রাশেদুল হক)
ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
মাধ্যমিক শিক্ষা ও মাদরাসা শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি।

# পজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটির সদস্যগণের উপস্থিতি শীট।

স্থান ঃ উপজেলা ভাইস চেয়াম্যানের কার্যালয়, গাংনী, মেহেরপুর।

তারিখ ও সময়ঃ 09/11/22 ------------------------------------ দুপুরঃ ২.০০টা

সভাপতি ঃ জনাব মোঃ রাশেদুল হক

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাংনী, মেহেরপুর।

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | মোঃ রাশেদুল হক<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাংনী, মেহেরপুর। | [illegible] |
| ০২ | চেয়ারম্যান, কাথুলি ইউপি, গাংনী, মেহেরপুর। | [illegible] |
| ০৩ | চেয়ারম্যান, কাজিপুর ইউপি, গাংনী, মেহেরপুর। | [illegible] |
| ০৪ | সিরাজুল ইসলাম, অধ্যাক্ষ, উপজেলা ফুলকুড়ি শিশু শিক্ষালয়, গাংনী, মেহেরপুর। | [illegible] |
| ০৫ | মোঃ আশরাফুল লালূ, প্রধান শিক্ষক, সরকারী বালিকা বিদ্যালয়, গাংনী, মেহেরপুর। | [illegible] |
| ০৬ | মোঃ আঃ রকিব, শিক্ষক, চৌগাছা সরকারী প্রাথমিক বিদ্যালয়, গাংনী, মেহেরপুর। | |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গাংনী, মেহেরপুর। | [illegible] |